

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭৭৮(আগরতলা-১৩।০৩)

গন্ডাছড়া, ১৩ মার্চ, ২০ ১৮।

সমৃদ্ধ ত্রিপুরা গড়ার অঙ্গীকার নিয়ে
সময়ের কাজ সময়ে শেষ করতে হবে : মুখ্যমন্ত্রী

মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব আজ রাজ্যের মুখ্য সচিব সহ পদস্থ আধিকারিকদের নিয়ে গন্ডাছড়া মহকুমার প্রত্যন্ত জনপদ ধনুরাম পাড়া সফর করেন এবং পরে গন্ডাছড়া মহকুমা শাসকের কার্যালয়ে এক গুরুত্বপূর্ণ জেলা ভিত্তিক পর্যালোচনা সভা করেন। দুপুরে ফিসারী কমপ্লেক্স হেলিপ্যাডে মুখ্যমন্ত্রীকে স্বাগত জানান নবনির্বাচিত বিধায়ক ধনঞ্জয় ত্রিপুরা, জেলা শাসক বিকাশ সিং সহ জেলার পদস্থ আধিকারিকগণ।

সেখান থেকে মুখ্যমন্ত্রী, নবনির্বাচিত বিধায়ক ধনঞ্জয় ত্রিপুরা সহ রাজ্যের পদস্থ আধিকারিকগণ ডুবুরনগর ব্লকের ধনুরাম পাড়া সফরের উদ্দেশ্যে রওনা হন। ধনুরাম পাড়াতে স্বচ্ছ ভারত অভিযানের অর্থে নির্মিত শৌচালয়, অঙ্গনওয়াড়ি কেন্দ্র, রাস্তাঘাট, বিদ্যুৎ, পানীয় জল, উপজাতি কল্যাণ, স্বাস্থ্য, প্রধানমন্ত্রী আবাস যোজনা সহ শিক্ষা ব্যবস্থার বিস্তারিত খোঁজ খবর নেন। গ্রামবাসীরা মুখ্যমন্ত্রীকে তাদের বিভিন্ন সুবিধা অসুবিধার বিষয়ে অবহিত করেন। ধনুরাম পাড়াতে অবিলম্বে পানীয় জল, বিদ্যুৎ সহ বিভিন্ন পরিষেবা প্রদানের আশ্বাস পেয়ে গ্রামবাসীরা খুশি। ধনুরাম পাড়াতে একটি প্রাথমিক বিদ্যালয় স্থাপন করার জন্য সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দেন মুখ্যমন্ত্রী।

চিকিৎসার সুযোগ গ্রহণের সুবিধার্থে অ্যাম্বুলেন্স পরিষেবা পাওয়ার জন্য গ্রামবাসীরা আবেদন জানান। মুখ্যমন্ত্রী গ্রামের সার্বিক সমস্যা সমাধানের জন্য সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দেন। পরে মুখ্যমন্ত্রী এলাকার স্থানচ্যুত জনজাতি ২টি পরিবারের খোঁজখবর নেন। ধনুরাম পাড়া সফর শেষে বিকেলে স্থানীয় মহকুমা শাসক কার্যালয়ে অনুষ্ঠিত ধলাই জেলা ভিত্তিক পর্যালোচনা সভাতে সংক্ষিপ্ত ভাষণে মুখ্যমন্ত্রী বলেন, অতীতের নেতিবাচক দৃষ্টিভঙ্গী ভুলে গিয়ে সময়ের কাজ সময়ে শেষ করে সমৃদ্ধ ত্রিপুরা গড়তে হবে। কেন্দ্রীয় সরকারের সমস্ত প্রকল্প সহ সমস্ত কাজ ও সেবা নিষ্ঠার সাথে পালন করতে হবে। সবাইকে সাথে নিয়ে সকলের বিকাশ ঘটাতে হবে। তিনি আশা ব্যক্ত করেন, আগামী তিন বছরের মধ্যেই ত্রিপুরাকে শ্রেষ্ঠ মডেল রাজ্যে পরিণত করবে রাজ্যের জনগণ ও সরকার।

মুখ্যমন্ত্রী বলেন, এম জি এন রেগার কাজ সঠিকভাবে করতে হবে। বেআইনীভাবে বিদ্যুৎ ব্যবহার বন্ধ করতে হবে। তিনি বলেন, সরকার গরীব অংশের মানুষকে সৌভাগ্য যোজনাতে বিনামূল্যে বিদ্যুৎ দেবে। প্রধানমন্ত্রী মুদ্রা যোজনা সহ সকল প্রকল্প সঠিকভাবে রূপায়ণ করতে হবে। এ বিষয়ে সাইন বোর্ড, ফ্লেক্স-এর মাধ্যমে জনগণকে অবহিত করার উপর তিনি গুরুত্ব আরোপ করেন। মুখ্যমন্ত্রী বলেন, সমৃদ্ধ ত্রিপুরা গড়ার অঙ্গীকার নিয়ে সকল আধিকারিক সহ সর্বস্তরের সরকারী কর্মচারীকে সমস্ত সংকীর্ণতার উর্ধ্বে উঠে সময়ের কাজ সময়ে করতে হবে। মুখ্যমন্ত্রী আশ্বস্ত করেন, সরকারী কাজে কোনও ধরনের হস্তক্ষেপ তিনি বরদাস্ত করবেন না। কেউ অন্যায়ভাবে কোনও কাজে প্রতিবন্ধকতার সৃষ্টি করলে তিনি সরকারী নিয়ম কানুন পালনকারী অফিসারদের পাশে থাকবেন। মুখ্যমন্ত্রী আরও বলেন, আমাদের রাজ্যটি খুবই ছোট, তাই দূরে পোস্টিং হয়েছে এই ধরনের অজুহাত কর্মচারীদের থেকে কাম্য নয়।

জেলা ভিত্তিক পর্যালোচনা বৈঠকে গন্ডাছড়া-রইস্যাবাড়ি সড়ক নির্মাণের কাজ আগামী বর্ষার আগে শেষ করার জন্য রাজ্যের মুখ্য সচিব পূর্ত দপ্তরের আধিকারিকদের নির্দেশ দেন। তিনি বলেন, আমবাসা-গন্ডাছড়া-অমরপুর-শান্তিরবাজার জাতীয় সড়ক চালু হলে গন্ডাছড়ার যোগাযোগ ব্যবস্থা উন্নত হবে।
